শিক্ষা নিয়ে গড়ব দেশ | তথ্য- প্রযুক্তির বাংলাদেশ

বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর

স্মারক:৩৭.০১.৪১০৪.০০০.৪৪.০০৮.১৯.৩১৫০

তারিখঃ ৩১ জানুয়ারি ২০২২
১৭ মাঘ ১৪২৮

বিজ্ঞপ্তি

২০২০-২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির ফলাফল প্রার্থীদের আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে। এছাড়াও ফলাফল বিশ্ববিদ্যালয়ের Admission ওয়েবসাইট (https://admission.bdu.ac.bd) এ প্রকাশ করা হয়েছে। ১ম মেধা তালিকায় নির্বাচিত প্রার্থীগণকে নিম্নে উল্লেখিত বিবরণ ও সময় অনুযায়ী ভর্তি হওয়ার জন্য বলা হলো। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

১. অনলাইন ভর্তি ফরম পূরণ:

১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ আগামী ০১-০২-২০২২ থেকে ০৯-০২-২০২২ তারিখ পর্যন্ত চলবে। অনলাইনে ভর্তি ফরম পূরনের জন্য প্রার্থীকে বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (https://admission.bdu.ac.bd) Login অপশনে গিয়ে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও PIN এর মাধ্যমে লগইন করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

উল্লেখ্য যে, মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইন ভর্তি ফরমের বিষয় মাইগ্রেশন ফিল্ডে বিষয় মাইগ্রেশন অন/অফ বাটনে ক্লিক করে মাইগ্রেশন চাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

২. ভর্তি ফি:

বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীকে ভর্তির সময় আদায়কৃত বিভিন্ন ফি [(প্রার্থী প্রতি ১৫০০০.০০ (পনের হাজার + চার্জ প্রযোজ্য)] টাকা রকেট (ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং) অথবা SSLCOMMERZ এর মাধ্যমে আগামী ০১-০২-২০২২ থেকে ০৯-০২-২০২২ তারিখের মধ্যে জমা দিতে হবে।

(ক) খাতসহ ভর্তি ফি:

ক্রমিক নং	খাত	টাকা
১.	ভর্তি ফি	১০০০/-
২.	সেমিস্টার ফি	২,৫০০/-
৩.	রেজিস্ট্রেশন ফি	১০০০/-
৪.	মাসিক বেতন ৫০০ টাকা করে প্রথম ৩ মাসের বেতন	১,৫০০/-
৫.	ছাত্র-ছাত্রী কল্যাণ ফি	৫০০/-
৬.	স্মার্ট আইডি কার্ড ফি	২০০/-
৭.	বিশ্ববিদ্যালয় অবকাঠামো উন্নয়ন ফি	১,০০০/-
৮.	গবেষনাগার ফি	১,০০০/-
৯.	Cloud Computing Fee	৭৫০/-
১০.	LMS User Fee	৭৫০/-
১১.	Incubation and Innovation Fee	৩০০/-
১২.	লাইব্রেরী জামানত ফি (ফেরৎযোগ্য)	৫০০/-
১৩.	লাইব্রেরী ব্যবহার ফি	৩০০/-
১৪.	একাডেমিক ক্যালেন্ডার ফি	১০০/-
১৫.	বিএনসিসি এবং রোভার স্কাউট ফি	৬০০/-
১৬.	বিভাগ উন্নয়ন ফি	১,৫০০/-
১৭.	ল্যাব ফি	১,৫০০/-
	মোট:	১৫,০০০/-

(খ) পেমেন্ট পদ্ধতি:

১। রকেট পেমেন্ট পদ্ধতি

ধাপ-১: রকেট Apps এ LOGIN করুন

ধাপ-২: Bill Pay Option নির্বাচন করুন।

ধাপ-৩: Category থেকে University নির্বাচন করুন অথবা Search Biller এ BDU লিখে Search করুন।

ধাপ-৪: BDU Admission Panel থেকে প্রাপ্ত Payment ID প্রদান করুন এবং Validate বাটন এ press করুন।

ধাপ-৫: নাম ও টাকার পরিমান মিলিয়ে দেখে OK Press করুন ।

ধাপ-৬: রকেট PIN প্রদান করে আপনার Admission Fee পরিশোধ নিশ্চিত করুন ।

ধাপ-৭: Apps এবং মোবাইলে নিশ্চিতকরন Message পাবেন।

২। SSLCOMMERZ পেমেন্ট পদ্ধতি

Payment Process (পরিশোধ পদ্ধতি)	
ধাপ ১	Dashboard
ধাপ ২	Click pay now button
ধাপ ৩	Get payment gateway (SSLCOMMERZ)
ধাপ ৪	Choose any payment method
ধাপ ৫	Click pay
ধাপ ৬	Type your account number
ধাপ ৭	Enter your OTP to confirm
ধাপ ৮	Now enter your PIN to confirm
ধাপ ৯	Done! you will receive a confirmation message from SSLCOMMERZ

দ্রষ্টব্য: বিভিন্ন পেমেন্ট অপশনে আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি বিভিন্ন রকম হতে পারে। ধারাবাহিকভাবে নির্দেশনা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

৩. দলিলাদির সত্যতা যাচাই এবং উপস্থিতি নিশ্চিতকরণ:

(ক) ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের নিম্নে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী একাডেমিক ভবন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, কালিয়াকৈর এ নিম্নে উল্লেখিত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর সত্যতা যাচাইয়ের জন্য স্ব-শরীরে উপস্থিত হতে হবে। এইদিন স্বাক্ষরিত ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত সকল মূল দলিলাদি ও এর ২(দুই) সেট ফটোকপি রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে:

১. এসএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র
২. এসএসসি/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র
৩. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র
৪. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র
৫. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল প্রশংসাপত্র
৬. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
৭. জিএসটি এডমিট কার্ডের ইনভিজিলেটরের স্বাক্ষরযুক্ত কপি
৮. পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি

(খ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের মূল কপি এবং এক কপি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সম্প্রতি সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধার নাতি/নাতনি প্রমাণের সার্টিফিকেট হিসেবে প্রার্থীর জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয়পত্র, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র, বিবাহ নিবন্ধন সার্টিফিকেট, থানা/উপজেলা/জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র।

(গ) আদিবাসী কোটার ক্ষেত্রে: জেলা প্রশাসক/সংশ্লিষ্ট উপজাতীয় গোত্রের প্রধান/ রাজা/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশন/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত উপজাতি সার্টিফিকেট।

৪. ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ ও কোটায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ে উপস্থিতির তারিখ ও সময়:

ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান	দলিলাদি মূল্যায়নের তারিখ ও বার	দলিলাদি মূল্যায়নের সময়
১-৯৫ ও কোটায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ	০১-০২-২০২২ থেকে ০৯-০২-২০২২ (শুক্র ও শনিবার ব্যতীত)	সকাল: ১০:০০-বিকাল: ০৫:০০ টা

৫. ভর্তি বাতিল পদ্ধতি:

ভর্তি বাতিল করার জন্য প্রার্থীকে ৭০০০/-(সাত হাজার) টাকা ভর্তি বাতিল ফি জমা দিতে হবে। ৩০ শে মে ২০২২ বিকাল ০৫:০০ টা পর্যন্ত ভর্তি বাতিল করা যাবে। উক্ত সময় শেষ হলে ১ (এক) একাডেমিক বর্ষ সম্পন্ন না হওয়া পর্যন্ত ভর্তি বাতিল করা যাবে না এবং ঐ সময়ের মধ্যে শিক্ষার্থীর সকল মূল সনদ বিশ্ববিদ্যালয়ের কাছে গচ্ছিত থাকবে। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ফি যদি অপরিশোধিত থাকে তাহলে তা পরিশোধ করতে হবে।

প্রার্থীর দলিলাদিতে কোন ভুল/অসত্য তথ্য প্রদান করলে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও অসত্য তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে বলে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটিসমূহের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ফলাফলে কোন ত্রুটি দেখা গেলে কর্তৃপক্ষ তা সংশোধন ও পরিবর্তনের ক্ষমতা রাখে।

বিশেষ দ্রষ্টব্য: করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে ভর্তি কার্যক্রম চলমান থাকবে।

স্বাক্ষরিত/-
মোঃ আশরাফ উদ্দিন
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ